# মন্ত্রিপরিষদ সচিব হিসেবে নাসিমুল গনির মেয়াদ বাড়াল সরকার



মন্ত্রিপরিষদ সচিব ড. নাসিমুল গনি। ছবি: সংগৃহীত

মন্ত্রিপরিষদ সচিব ড. নাসিমুল গনির নিয়োগের মেয়াদ আরও এক বছর বাড়িয়েছে সরকার। আগের চুক্তির মেয়াদ শেষ হওয়ার পর নতুন করে এক বছরের জন্য তাকে একই পদে রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সোমবার (১৭ আগস্ট) সন্ধ্যায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন প্রকাশ করা হয়।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৪৯ ধারার আওতায় নাসিমুল গনিকে পুনরায় চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হয়েছে। আগের চুক্তির ধারাবাহিকতায় এই নিয়োগ কার্যকর হবে। একই সঙ্গে তার জন্য নির্ধারিত আগের শর্তগুলোও বহাল থাকবে।

নতুন নিয়োগের শর্ত অনুযায়ী, মন্ত্রিপরিষদ সচিব হিসেবে দায়িত্ব পালনের পাশাপাশি অন্য কোনো পেশায় যুক্ত হওয়া কিংবা সরকারি, আধা-সরকারি ও বেসরকারি কোনো প্রতিষ্ঠান বা সংগঠনের সঙ্গে কর্মসম্পর্ক রাখা যাবে না।

ড. নাসিমুল গনি দেশের ২৬তম মন্ত্রিপরিষদ সচিব। গত ১৬ ফেব্রুয়ারি তিনি এ পদে দায়িত্ব নেন।

এর আগে ২০২৪ সালের আগস্টে তাকে রাষ্ট্রপতির কার্যালয়ের সিনিয়র সচিব হিসেবে দুই বছরের চুক্তিতে নিয়োগ দিয়েছিল অন্তর্বর্তী সরকার। পরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব হিসেবে দায়িত্ব পান তিনি।

নাসিমুল গনি ১৯৮২ ব্যাচের বিসিএস প্রশাসন ক্যাডারের কর্মকর্তা। ওই ব্যাচের মেধাক্রমে তার অবস্থান ছিল চতুর্থ। ২০০৯ সালে তাকে ওএসডি করা হয়। প্রায় চার বছর পর ২০১৩ সালে তিনি সরকারি চাকরি থেকে অবসরে যান।

LENS ASIA